[redacted]

[redacted]

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সাথে মেহেরপুরে শিক্ষার্থীদের মত বিনিময় সভা

“শিক্ষার্থীদের চোখে আগামী ছাত্র রাজনীতি ও বাংলাদেশ” এই প্রতিপাদ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় নেতৃবৃন্দের শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভা করেছে।

আজ রবিবার বেলা বারোটার দিকে মেহেরপুর সরকারি কলেজ, সরকারি মহিলা কলেজ ও ছহিউদ্দিন ডিগ্রী কলেজের শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ড: তহিদুর রহমান আউয়াল, যুগ্ম সাধারণ সম্পাদক রাজীব আহমেদ, মোকসেদুল মমিন মিথুন, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আলী, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক নাজমুল হোসেন, সদস্য সচিব শেখ রাব্বি, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহি, সদস্য সচিব জারজিস ইউসুফ রমিক সহ ছাত্রদলের নেতৃবৃন্দ।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সহ সভাপতি ডাঃ তহিদুর রহমান আউয়াল বলেন, আগামী ছাত্র রাজনীতি হবে শিক্ষার্থীদের ভালোর জন্য। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে ছাত্রদলের অবদান অনেক রয়েছে। তাদের একক কোন কর্তৃত্ব নেই। বেগম খালেদা জিয়া শিক্ষা বিস্তারের জন্য নারী শিক্ষা, মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে উপবৃত্তি চালু করেছিলেন। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যারা অসচ্ছল পরিবার থেকে আসে তাদের জন্য খাদ্যের বিনিময়ে শিক্ষার ব্যবস্থা চালু করেছিলেন।

গণ বিপ্লবে অর্জিত নতুন বাংলাদেশ গড়তে ঐক্যবদ্ধ থাকার বিকল্প নেই-রাশেদ খাঁন

গণঅধিকার পরিষদের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক রাশেদ খাঁন বলেছেন, ছাত্র-জনতার আত্মত্যাগ ও গণবিপ্লবের মাধ্যমে আমরা দ্বিতীয় স্বাধীনতা অর্জন করেছি। দেশের মানুষের অধিকার ফিরে এসেছে। ফ্যাসিবাদী আওয়ামী দুঃশাসনের যাতাকালে পিষ্ট জনগণ নতুন করে দেশ বিনির্মাণের স্বপ্ন দেখছে। নতুন বাংলাদেশ গড়তে ও জুলাই বিপ্লবের সফলতা টিকিয়ে রাখতে আমাদের ঐক্যবদ্ধ থাকার বিকল্প নেই।’

আজ বুধবার (৩০ অক্টোবর) নিজ জেলা ঝিনাইদহ সফরকালে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন।

২২ তারিখের বিএনপি’র রুহুল কবির রিজভি স্বাক্ষরিত এক চিঠি প্রসঙ্গে বলেন ওটা ওনাদের দলের সিদ্ধান্তের ব্যাপার তবে আমরা বিএনপি’র সাাথে যুগপথ আন্দোলন করেছি এবং এখনো ভাল সম্পার্ক বজায় রয়েছে এই সম্পার্ক বজায় থাকতে হয়তো তারা এমন চিঠি দিতে পারে। আমরা জাতীয় সরকার গঠনে একমত আছি আনুপাতিক ভোটেন মাধ্যমে সরকার গঠন চাই আমরা তবে ৩০০সিটেই আমরা প্রার্থী দেব। ঝিনাইদহ আমার জন্মস্থান আমি অত্যন্ত নিম্নবিত্ত সাধারণ পরিবারের সন্তান, আমি আপনাদের মাধ্যমে ঝিনাইদহের সকল মানুষের দোয়া ও সমর্থন চাই। এদিন বিকাল ৪টায় ঝিনাইদহ ফ্যামিলি জোন মিলনায়তনে মতবিনিময় সভার আয়োজন করে গণঅধিকার পরিষদ ঝিনাইদহ জেলা শাখা।

মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সহ সভাপতি মাজেদুল ইসলাম, ঝিনাইদহ জেলা গণঅধিকার পরিষদের সভাপতি শাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক ইকবাল শহিদ রাজন, যুব অধিকার পরিষদের রাকিবুল হাসান, ছাত্র অধিকার পরিষদের সভাপতি আব্দুল্লাহ আল মামুন, মিশন আলীসহ জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ।

এসময় ঝিনাইদহের বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

মতবিনিময় সভায় জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরাও উপস্থিত ছিল।

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধাদের মতবিনিময় সভা ও ইউনিয়ন সমন্বয়ক গঠন

মেহেরপুর জেলাধীন মেহেরপুর সদর উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের মতবিনিময় সভা ও ইউনিয়ন সমন্বয়ক গঠন করা হয়েছে।

জেলা সমন্বয়ক ক্যাপ্টেন (অবঃ) বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল মালেকের আয়োজনে রবিবার (২০ অক্টোবর) সকাল ১১ টার দিকে মেহেরপুর সাধু বার্ণবার গির্জা অডিটরিয়ামে এ মতবিনিময় সভা ও ইউনিয়ন সমন্বয়ক গঠন করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জেলা সমন্বয়ক ক্যাপ্টেন (অবঃ) বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল মালেক।



বীর মুক্তিযোদ্ধা নূরুল
ইসলামের সঞ্চালনায়
মতবিনিময় সভায় রূপালী
ব্যাংকের অবসরপ্রাপ্ত
সিনিয়র প্রিন্সিপাল
অফিসার বীর
মুক্তিযোদ্ধা জিল্লুর
রহমান, বীর
মুক্তিযোদ্ধা বজলুর
রহমান, বীর মুক্তিযোদ্ধা উমেদীন আলী, সাবেক উপজেলা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা চাঁদ আলী, বীর মুক্তিযোদ্ধা বদরুজ্জামান, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হান্নান, বীর মুক্তিযোদ্ধা মাহাবুল হক, বীর মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেন প্রমুখ বক্তব্য রাখেন।

আলোচনার আগে ছাত্র আন্দোলনের শহীদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

পরে, মুক্তিযোদ্ধা ইউনিয়ন সমন্বয়ক গঠন করা হয়। গঠিত মুক্তিযোদ্ধা ইউনিয়ন সমন্বয়কদের মধ্যে মেহেরপুর পৌরসভায় বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল মজিদ পাতান, কুতুবপুর ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা মোঃ মোহন আলী, বুড়িপোতা ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা মোঃ বজলুর রহমান, আমদহ ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা মোঃ তৌফিক আলী, পিরোজপুর ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা মোঃ কদম আলী, বারাদী ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা মোঃ আহাদ আলী, আমঝুপি ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা মোঃ কাওছার আলী, শ্যামপুর ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা মোঃ আনোয়ার হোসেনকে ইউনিয়ন সমন্বয়ক করা হয়েছে।

দামুড়হুদার চন্দ্রবাসে বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার নাটুদা ইউনিয়নের চন্দ্রবাস গ্রামে আজ সোমবার সন্ধ্যা ৬ টার দিকে ইউনিয়ন বিএনপির কার্যালয়ে যুবদল নেতা আমানুর রহমানের সভাপতিত্বে ওয়ার্ড বিএনপি, কৃষকদল, সেচ্ছাসেবকদল, যুবদল, ছাত্রদলের নেতাকর্মীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নাটুদা ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক ওসমান গণি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বৃহত্তর নতিপোতা ইউনিয়নের সাবেক সাধারন সম্পাদক শহিদুল ইসলাম মোল্লা, ইউনিয়ন কৃষকদলের সভাপতি আব্দুর রশিদ, সাংগঠনিক সম্পাদক সাইফুল ইসলাম, বিএনপি নেতা জাবেদ আলী মেম্বর, নাটুদা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি জামিউল হাসান।

এসময় বক্তারা বলেন আমাদের এ বিজয় সাময়িক বিজয়। এ বিজয় ধরে রাখতে হলে আগামীতে চুয়াডাঙ্গা ০২ আসনের বিএনপির অভিভাবক মাহমুদ হাসান খাঁন বাবুকে এমপি করে সংসদে পাঠাতে হবে। জাতীয়তাবাদী দল বিএনপি

সরকারে আসলে আমাদের বিজয় অর্জিত হবে। দলকে সুসংগঠিত করতে দিনরাত কাজ করতে হবে। সকলকে ঐক্যবদ্ধ থেকে কাজ করতে হবে। এ সময় আরো উপস্থিত ছিলেন যুবদল নেতা মাসুদ, শহীদ, মিন্টু, ছাত্রদল নেতা এখলাস, ওয়ালিদ, জিহাদ, ইয়াসিন, রাকিব, মহিবুল, সেলিম, তানভীর প্রমুখ। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন নাটুদা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি জামিউল হাসান।

ঝিনাইদহে ‘দৈনিক যশোর বার্তা’র প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা

যশোর থেকে প্রকাশিত বহুল প্রচলিত ‘দৈনিক যশোর বার্তা’ প্রত্রিকার (ঝিনাইদহ-মাগুরা) প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভাপতি অনুষ্ঠত হয়েছে।

আজ রবিবার (১৩ অক্টোবর) সকাল ১১টায় ঝিনাইদহের মর্ডান মোড়ে দৈানক কালবেলা অফিসের সেমিনার কক্ষে ঝিনাইদহ ও মাগুরার জেলা- উপজেলা প্রতিনিধিদের নিয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

দৈনিক যশোর বার্তার ঝিনাইদহ জেলা প্রতিনিধি মোঃ শাহানুর আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন দৈনিক যশোর বার্তার সম্পাদক ও প্রকাশক শিহাব উদ্দীন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাগুরা জেলা প্রতিনিধি মোঃ নওয়াব আলী। এসময় আরও উপস্থিত ছিলেন মাগুরার ষ্টাফ রিপোর্টার আনোয়ার হোসেন, কালীগঞ্জ উপজেলা প্রতিনিধি রবিউল ইসলাম, ষ্টাফ রিপোর্টার আব্দুল্লাহ বাশার, মহেশপুর উপজেলা প্রতিনিধি আলমগীর হোসেন, কোটচাদপুর প্রতিনিধি রেজাউল করিম, ষ্টাফ রিপোর্টার জীবন রহমান, মাগুরা (মহাম্মদপুর) উপজেলা প্রতিনিধি সাদ্দাম হোসেন নাজমুল, হরিণাকুণ্ডু উপজেলা প্রতিনিধি মাহামুদুর রহমান মিল্টন এবং যশোর অফিসের ফটো সাংবাদিক তানভীর হোসেন। অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথিকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান

ঝিনাইদহের প্রতিনিধিগণ।

সভা শেষে মধ্যাহ্নভোজের মধ্যদিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেণ ঝিনাইদহ জেলা প্রতিনিধি মোঃ শাহানুর আলম।

মতবিনিময় সভায় প্রতিনিধিগণ পত্রিকার সমস্যা ও সম্ভাবনার কথা তুলে ধরেন। মতবিনিময় সভায় প্রধান অতিথি বলেন নানা চড়াই-উতরায় পেরিয়ে আমরা যশোর বার্তাকে মানুষের দোর গুড়াই পৌছে দেওয়ার চেষ্টা করছি, আপনাদের সকলের সহযোগীতায় এই পত্রিকাকে আমরা আরও এগিয়ে নিয়ে যেতে চাই। দৈনিক যশোর বার্তা আমরা একটি পরিবার, সকলকে আন্তরিকতার সাথে পত্রিকায় কাজ জরার আহবান জানন। আগামী ১১ নভেম্বর পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিক বর্ণাঢ্য আয়োজনে পালনের জন্য সকলের সহযোগীতা কামনা করেন তিনি।

দর্শনায় কেরু মন্দিরে হিন্দু ধর্মালম্বীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার একমাত্র ঐতিহ্যবাহী ভারী শিল্প কারখানা দর্শনার কেরু এ্যান্ড কোম্পানির সুনামধন্য “কেরুজ সর্বজনীন দূর্গা মন্দির” এলাকার মন্দিরের দূর্গাপূজাকে সভল ভাবে সম্প্রদানে হিন্দু ধর্মালম্বীদের সাথে মতবিনিময়সভা করেছেন কেরু এন্ড কোম্পানির নবাগত ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

গতকাল রোববার সন্ধা ৭ টায় কেরুজ সর্বজনীন দূর্গা মন্দিরে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। কেরুজ দূর্গামন্দিরে প্রতিবছরের ন্যায় এ বছরও অনুষ্ঠিত হচ্ছে শারদীয় দূর্গা পূজা। সভায় প্রধান অতিথি রাব্বিক হাসান সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা ও যে কোন উস্কানি বা গুজব রোধে সকলকে একযোগে সোচ্চার ও সচেতন থাকার বিষয়েও গুরুত্বারোপ করেন তিনি।

তিনি বলেন, এটা আমার আপনার সবার দেশ, একযোগে সবাইকে নিরাপত্তা

দিতে সহযোগিতা করতে হবে। পাশাপাশি পূজা চলাকালীন নিরাপত্তা নিশ্চিত করতে মন্দির এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে কেরুর নিজস্ব নিরাপত্তা বাহিনী দিয়ে সর্বাক্ষণিক টহল ব্যবস্থা গ্রহণ করা হবে।

এসময় আরো উপস্থিত ছিলেন মহা-ব্যবস্থাপক (কারখানা) সুমন কুমার সাহা, মহা-ব্যবস্থাপক (ডিস্টিলারি) রাজিবুল হাসান, কেরুজ শ্রমিক ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, মন্দির কমিটির সভাপতি নমিতা রানী মালাকার, সাধারণ সম্পাদক রাধারাণী দাস, রতন কুমার লোধ, নারায়ন চন্দ্র দাস, সমির সরকার, নিত্যানন্দ চক্রবর্তী, দীপেন ঘোষ, তপন কুমার বিশ্বাস, তারাপদ বিশ্বাস, ধীরেন চন্দ্র দাস, শঙ্কর বিশ্বাস, সুবাস বিশ্বাস, রতন দাস, গনেস বিশ্বাস, বাঁধন চন্দ্র দাস, শুভ লোধ প্রমুখ।

কোটচাঁদপুরে জামায়াতের সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় কর্মরত সাংবাদিকদের সঙ্গে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ শনিবার (৫অক্টোবর) সকাল ১১ টার সময় কোটচাঁদপুর উপজেলা জামায়াতে ইসলামীর আয়োজনে শহরের দুধসারা রোডে আল ফালাহ ইসলামি সেন্টার ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর উপজেলা কার্যালয়ে উপজেলা জামায়াতের আমীর মোঃ আজিজুর রহমান মাস্টারের সভাপতিত্বে উপজেলা জামায়াতের সেক্রেটারি প্রফেসর মোঃ শরিফুল ইসলাম এর পরিচালনায় জামায়াতের মিডিয়া সম্পাদক মোঃ শাহাবুদ্দিন খান এর সঞ্চালনায় এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মহেশপুর ঝিনাইদহ ৩ আসন থেকে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ঝিনাইদহ জেলা নয়েবে আমির অধ্যাপক মোঃ মতিয়ার রহমান।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা জামায়াতের আমীর আজিজুর রহমান।
প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক মোঃ মতিয়ার রহমান বলেন আপনারা

সাংবাদিক জাতির দর্পণ। বিগত সৈরশাসন আমলে আপনাদের কন্ঠরোধ করা হয়েছে। সত্য তুলে ধরলেই সাংবাদিকদের নামে মিথ্যা মামলা দায়ের সহ খুন গুম করা হয়েছে। এখন থেকে আপনারা সত্যটা তুলে ধরবেন আপনাদের সাথে আমরা আছি। আপনাদের সাথেই থেকে সমাজ থেকে মাদক চাঁদাবাজ সন্ত্রাসী দূর্নীতিবাজদের মুখোশ উন্মোচন করে তাদের কে উৎখাত করা হবে। আপনারা আমাদের সাথে থাকলে সঠিক সংবাদ পরিবেশন করা হলে সমাজ থেকে সকল দুর্নীতি বন্ধ করা সম্ভব হবে বলে মনে করি।
এসময় উপস্থিত ছিলেন সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ মোয়াবিয়া হোসাইন, উপজেলা বায়তুলমাল সম্পাদক মোঃ রেজাউল ইসলাম সহ কোটচাঁদপুর উপজেলা প্রেস ক্লাবের সাংবাদিক বৃন্দ।

চুয়াডাঙ্গার দোস্ত গ্রামে আখচাষীদের সাথে মতবিনিময় সভা

চুয়াডাঙ্গার সদরের দোস্ত সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আখ চাষী সমাবেশ অনুষ্টিত হয়েছে। আজ রবিবার বিকাল ৫ টার দিকে মিলগেট পৃর্ব সাবজোন ১৫ নং ইউনিটে এ আখচাষীদের নিয়ে সমাবেশ অনুষ্টিত হয়।

উক্ত সমাবেশে আখচাষী কল্যান সমিতি ফেডারেশনের সাধারন সম্পাদক আঃ বারির সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্হাপনা পরিচালক রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন আপনারা আখ চাষ করুন আগামীতে আখের মৃল্য আরও বৃদ্ধি করা হবে। আপনারা আখ লাগাবেন এবং সার্বিক সহিযোগিতা করবে কেরু এ্যান্ড কোম্পানি। এ মিল আপনাদের এ মিল টিকে থাকলে আপনাদের অর্থনৈতিক ভাবে সচ্ছলতা আসবে। আগামী অর্থ বছরে আখের মৃল্য টন প্রতি ৬ হাজার ৫ শ টাকা নির্ধারন করা হবে। তিনি আরও বলেন ভাল বীজের আখ লাগাবেন আপনার লাভবান হবেন। এবং পরিস্কার-পরিচ্ছন্ন আখ সরবাহ করবেন। অধিক চিনি আহরনের জন্য পরিস্কার-পরিচ্ছন্ন ও টপট্রাসমুক্ত আখ মিলে সরবরাহ করার আহব্বান জানান তিনি।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মহাব্যবস্থাপক (কারখানা), সুমন কুমার সাহা, মহাব্যবস্থাপক (কৃষি), মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়া, ডিজিএম কৃষি (সম্প্রসারন) মাহাবুবুর রহমান, আরও উপস্থিত ছিলেন, ১৫ নং ইউনিটের প্রায় ১শ আখ চাষী উপস্থিত

□□□□□□